**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কুইন্সে 80 মিলিয়ন মার্কিন ডলারের সমর্থক আবাসন ডেভেলপমেন্ট খুলে দেওয়ার ঘোষণা করলেন

## *দ্য কিরা জ্যামাইকাতে 139 ইউনিট সাশ্রয়ী ও সমর্থক অবসান প্রদান করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে দ্য কিরার (The Kira) উদ্বোধন ঘোষণা করলেন, এটি কুইন্সের জ্যামাইকাতে একটি 80 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থক আবাসন ডেভেলপমেন্ট এর মধ্যে রয়েছে নতুনভাবে নির্মিত 21তলা মিশ্র ব্যবহারের ভবন যেখানে 139 ইউনিট সাশ্রয়ী ও সমর্থক আবাসন রয়েছে যার মধ্যে 69টি সমর্থক সেবাসহ।

"সমর্থক আবাসন হলো সকল নিউ ইয়র্কবাসীর কাছে বাসা বলার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান থাকা নিশ্চিত করতে আমাদের কাজের একটি অত্যাবশ্যকীয় উপাদান," **গভর্নর হোকল বলেন।** "দ্য কিরা গৃহহীনতা এবং পারিবারিক সহিংসতার শিকার নারীদের জন্য তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সমর্থন ও সেবা পাওয়া সহজ করবে যাতে তারা নিজেদের ও নিজেদের সন্তানদের জন্য আরো ভালো জীবন গড়তে পারে।"

দ্য কিরা নিউ ইয়র্ক স্টেটজুড়ে আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের পরিকল্পনার সম্পূরক। 2023 আর্থিক বছরে স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ডেনসিটি হাউজিং (New Destiny Housing), BFC পার্টনার্স (BFC Partners) এবং SMJ ডেভেলপমেন্ট (SMJ Development) দ্বারা নির্মিত, দ্য কিরাতে রয়েছে 38টি স্টুডিও ইউনিট, 64টি এক শয়নকক্ষের ইউনিট এবং 37টি দুই শয়নকক্ষের ইউনিট, যার মধ্যে একটি অনসাইট ভবনের সুপারিন্টেন্ডেন্টের জন্য পৃথক করে রাখা হবে। মোট 32টি এক শয়নকক্ষের এবং 37টি দুই শয়নকক্ষের ইউনিট পৃথক করে রাখা হবে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তির জন্য যাদের উপার্জন এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 40 শতাংশ বা তার কম। অবশিষ্ট ইউনিটগুলি যাদের উপার্জন AMI-র 80 শতাংশ বা তার কম তাদের জন্য আলাদা করে রাখা হবে।

সুযোগ সুবিধার মধ্যে রয়েছে শিশুদের বিনোদন কক্ষ, ফিটনেস কক্ষ, লন্ড্রি সুবিধা এবং আউটডোর কর্মকাণ্ডের স্থান। এছাড়াও প্রকল্পটিতে রয়েছে নিচতলায় 5,000 বর্গফুটের খুচরা বিক্রির স্থান। এছাড়াও এখানে রয়েছে একটি নিবেদিত কমিউনিটি খ এবং অনসাইট সমর্থক কর্মসূচি ও সমর্থক আবাসনের কর্মীদের জন্য অফিস।

কিরার শক্তি দক্ষ নকশা ও বৈশিষ্ট্য এন্টারপ্রাইজ সবুজ সম্প্রদায় প্রত্যয়ন (Enterprise Green Communities Certification) এবং হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) আবাসন আর্থিক এজেন্সির (Housing Finance Agency) আবশ্যিক সবুজ ও শক্তি প্রত্যয়নের মানদণ্ড (Green and Energy Certification Standards) মেনে চলে।

নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি ও ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (New York State Office of Temporary and Disability Assistance) সমর্থক সেবার জন্য এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে পরিচালনা তহবিল হিসেবে বার্ষিক 1.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে।

দ্য কিরার জন্য স্টেটের তহবিলের মধ্যে রয়েছে 19.2 মিলিয়ন মার্কিন ডলার স্থায়ী কর-মওকুফ বন্ড, ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 26.1 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 29 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। 2011 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল বহু পরিবারের ভবনে 11.49 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, নিউ ইয়র্ক সিটিতে 42,300টির বেশি সাশ্রয়ী আবাসন ও অ্যাপার্টমেন্ট তৈরি ও সংরক্ষণ করার জন্য। এর মধ্যে প্রায় 4,000 রয়েছে কুইন্সে।

**নিউ ইয়র্ক স্টেটের হোমস ও কমিউনিটি রিনিউয়াল ডিভিশনের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "যেইসব পরিবার এখন এই 139টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টকে বাসা বলেন, দ্য কিরা তাদের জন্য 80 মিলিয়ন মার্কিন ডলারের রিয়েল এস্টেট বিনিয়োগ থেকেও অনেক বেশি কিছু। একটি স্থিতিশীল এবং সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং জীবন বদলে দিতে পারে এমন সমর্থক সেবা পেলে, বাসিন্দারা নিজেদের নিজস্ব সুস্থতায় মনোযোগ দিতে পারবে এবং নতুন সুযোগ ও ভবিষ্যতের সাফল্যের চেষ্টা করতে পারবে। গভর্নর হোকল, নিউ ডেনসিটি হাউজিং এবং আমাদের অন্যান্য অংশীদারদের নিয়ে, এই নতুন ডেভেলপমেন্টটি আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য আমাদের যে সাধারণ প্রতিশ্রুতি রয়েছে তার প্রতিমূর্তি।"

**নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি ও ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ টিয়েটজ বলেন,** "নিরাপদ, সাশ্রয়ী আবাসনের সাথে সহজে সমর্থক সেবা পাওয়ার সুযোগ যুক্ত করে দিয়ে এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে গৃহহীনতার সমাধান করতে আমাদের চলমান প্রচেষ্টার একটি উদাহরণস্বরূপ। দ্য কিরা নিঃসন্দেহে শুধু এখানে বসবাসকারী নয়, বরং পুরো সম্প্রদায়ের জীবনে ইতিবাচক প্রভাব ফেলবে, এবং আমরা নিউ ডেনসিটি এবং

আমাদের অন্যান্য অংশীদারদেরকে এর কাজ সফলভাবে শেষ করতে পারার জন্য অভিনন্দন জানাচ্ছি।"

**নিউ ডেনসিটি হাউজিংয়ের নির্বাহী পরিচালক নিকোলা ব্রাঙ্কা বলেন,** "পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের অনেক সময় বিপজ্জনক পরিস্থিতিতে বাস করা বা গৃহহীন হওয়ার মধ্যে একটি বাছাই করতে হয়। সুন্দর নতুন এই ভবনটি 69টি গৃহহীন পরিবারকে, যাদের পরিবার প্রধান পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি, নিরাপদ হতে এবং নিজেদের জীবন পুনরায় গঠন করতে দিবে। এবং আমাদের অনসাইট ট্রমা-অবগত সেবা ভুক্তভোগীদের নিজেদের নতুন বাসায় নিরাপদ থাকতে এবং স্থিতিশীল থাকতে সাহায্য করবে। প্রকল্পের অংশীদার SMJ ডেভেলপমেন্ট এবং BFC পার্টনার্সকে, এবং অর্থায়ক নিউ ইয়র্ক কমিউনিটি রিনিউয়াল, ওয়েলস ফার্গো (Wells Fargo) এবং এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগকে, যারা ভুক্তভোগীদের সমর্থন প্রদান করতে দেয় এবং ভাড়া সাশ্রয়ী রাখা নিশ্চিত করে, তাদেরকে আমাদের ধন্যবাদ।"

**SMJ ডেভেলপমেন্টের প্রিন্সিপ্যাল হুয়ান বারাহোনা বলেন,** "দ্য কিরার শুভ উদ্বোধন হলো বহু বছর ধরে অগণিত প্রতিবন্ধকতার মধ্যে দিয়ে অধ্যবসায় ধরে রাখার চূড়ান্ত ফল। আমাদের বাসিন্দারা নিরাপদ, সাশ্রয়ী ও স্থায়ী আবাসনের খোঁজে যা সহ্য করেছে তার তুলনায় এগুলি কিছুই না। আমি BFC পার্টনার্স এবং নিউ ডেনসিটির সাথে মিলে এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে একটি ভূমিকা রাখতে পেরে গর্বিত। আমি জানি যে আমাদের সম্মিলিত প্রচেষ্টা ডাউনটাউন জ্যামাইকাতে একটি গুরুত্বপূর্ণ নিরাপদ স্থান প্রদান করেছে।"

**BFC পার্টনার্সের ব্যবস্থাপনা প্রিন্সিপ্যাল ডোনাল্ড ক্যাপোসিয়া বলেন,** "নিউ ইয়র্ক সিটির সবথেকে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য আবাসন প্রদানের প্রতিশ্রুতির একটি দীর্ঘ রেকর্ডসহ নির্মাতা হিসেবে, আমি দ্য কিরার নতুন বাসিন্দাদের নিরাপদ, মানসম্পন্ন, নিজের বাসা বলে গর্ব হবে এমন অ্যাপার্টমেন্টে উঠতে দেখে বিশেষ করে বিনীত বোধ করছি। আমাদের বৈচিত্র্যময় নির্মাণ দলের আশা এই যে দ্য কিরা নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী বাসা প্রদানের কাজ চলাকালীন সময়ে ভবিষ্যৎ অগ্রগতির একটি মডেল হিসেবে কাজ করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418